

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৬.১৫-৫৭০

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরবীন ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী) জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম বিগত ০৭/০৯/২০১৫ খ্রি: তারিখ ড্রয়িং ল্যাবের আসবাবপত্র ক্রয়ের বিষয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে প্রতিষ্ঠানের খন্ডকালীন শিক্ষক জনাব মো: সাজিদুর রহমান ইন্সট্রাক্টর (ফার্ম- মেশিনারী) কে জীবননাশের হুমকি প্রদান করেন এবং বহিরাগতদের সহযোগিতায় তার মাথা ফাটিয়ে রক্তাক্ত করার অভিযোগে শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/০৫/২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৬.২০১৫-৪১৫ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে তার অনুকূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি বিগত ২৪/০৫/২০১৬ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। বিগত ২৭/০৭/২০১৬ ও ১৪/০৮/২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানির পরিপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৭ (৬) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন তাকে "নিম্ন পদে বা নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ (Reduction to a lower post or time-scale)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ১৭/০১/২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এডির মাধ্যমে প্রেরণ করা হয়। তিনি বিগত ১১/০২/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন।

০৩। অত:পর বিষয়টি অধিকতর যাচাই-বাছাইয়ের লক্ষ্যে বিগত ২৪/০৪/২০১৭ ও ২২/০৫/২০১৭ তারিখ জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, তৎকালীন অধ্যক্ষ জনাব এস.এম. তরিকুল ইসলাম এবং সরকার পক্ষের উপস্থিতিতে পুনরায় শুনানি অনুষ্ঠিত হয়। সরকার পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

০৪। সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী), ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মতে "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার উপবিধি ৪(২) (বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় তাকে আগামী ০২ বৎসরের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার (পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য নন) সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। এমতাবস্থায়, জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী), ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ (বর্তমানে বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩ (বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে অভিযুক্ত সাব্যস্তক্রমে বিগত ০৭/০৯/২০১৫ তারিখ হতে একই বিধিমালার উপবিধি ৪(২)(বি) অনুযায়ী লঘুদণ্ডের আওতায় আগামী ০২ বৎসরের জন্য একটি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত (পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য নন) করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
ভারপ্রাপ্ত সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০০৬.১৫-৫৭০

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মো: মঞ্জুরুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (২) অধ্যক্ষ, ঠাকুরগাঁও/ বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- (৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৫) জনাব মো: মঞ্জুরুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর (ফার্ম-মেশিনারী), বাঞ্ছারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।

(মোছা: নাজনীন সুলতানা)

উপসচিব

ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

সচিব
(কারিগরি শিক্ষা বিভাগ)
শিক্ষা মন্ত্রণালয়

স্বাক্ষরিত সন্যাসিত টিকারসহ
স্বাক্ষরিত সন্যাসিত টিকারসহ
স্বাক্ষরিত সন্যাসিত টিকারসহ